দৈনিক বাংলা

তারিখ 07 SEP 1992
পৃষ্ঠা 7 কলাম 6

আজ ঢাকা ভার্সিটি খুলছে

# সন্ত্রাসীদের অবিলম্বে হল ত্যাগের নির্দেশ

আজ সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুনরায় ক্লাস শুরু এবং পরীক্ষা অনুষ্ঠিত হবে। ক্যাম্পাসে রক্তক্ষয়ী সংঘর্ষের পর দু'দিনের জন্য ক্লাস ও পরীক্ষা স্থগিত রাখা হয়েছিল।

ইউএনবি'র খবর : ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গোলাযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে অভিযান শুরু করার আগেই বহিরাগত এবং সন্ত্রাসীদের ক্যাম্পাস ত্যাগের জন্য চরমপত্র দিয়েছেন।

চরমপত্রে বলা হয়, অবিলম্বে হল ত্যাগ কর। অন্যথায় কর্তৃপক্ষ তোমাদের বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবেন।

ভিসি মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত হল প্রভোস্ট ও প্রক্টরদের এক বৈঠকের পর এই কঠোর সতর্ক বাণী উচ্চারণ করা হয়।